

বিষয়: আন্তর্জাতিক বিষয়াবলি

বিষয় কোড: ০০৭

নির্ধারিত সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

০১। নিম্নলিখিত প্রশ্ন গুলোর উত্তর দিন:

৪×১০=৪০

- (ক) জলবায়ু শরণার্থী (climate refugee) বলতে কী বোঝায়?
- (খ) চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।
- (গ) সুনীল অর্থনীতি (blue economy) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।
- (ঘ) আন্তর্জাতিক সন্ত্রাসবাদের গতিপ্রকৃতি উল্লেখ করুন।
- (ঙ) বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ (বিআরআই) বলতে কী বোঝায়?
- (চ) পররাষ্ট্রনীতিতে জনকূটনীতির গুরুত্ব কী? সংক্ষেপে ব্যাখ্যা করুন।
- (ছ) ভঙ্গুর রাষ্ট্র (fragile state) ও ব্যর্থ রাষ্ট্র (failed state)-এর মধ্যে পার্থক্য কী?
- (জ) দক্ষিণ চীন সাগর বিরোধের কারণসমূহ সংক্ষেপে আলোচনা করুন।
- (ঝ) বিশ্ব বাণিজ্য সংস্থায় বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।
- (ঞ) সিডো (CEDAW)-র গুরুত্ব সংক্ষিপ্তভাবে উল্লেখ করুন।
- (ট) ট্রান্সআটলান্টিক (transatlantic) সম্পর্কের গতিপ্রকৃতি সংক্ষেপে আলোচনা করুন।
- (ঠ) আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে ফাংশনালিজম (functionalism) তত্ত্বের গুরুত্ব কী?

০২। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দিন:

১৫×৩=৪৫

- (ক) যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যকার চলমান বাণিজ্য যুদ্ধ আন্তর্জাতিক বাজারে ও বিশ্ব অর্থনীতিতে কী ধরনের প্রভাব ফেলছে বিস্তারিত লিখুন।
- (খ) দক্ষিণ এশিয়া অঞ্চলে শান্তি ও নিরাপত্তার হুমকিসমূহ ব্যাখ্যা করুন। এ অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় আপনার সুপারিশসমূহ কী কী?
- (গ) মধ্যপ্রাচ্যের রাজনীতিতে ইরান ও সৌদি আরবের মধ্যকার প্রতিদ্বন্দ্বিতার ফলাফল বিশ্লেষণ করুন। এ অঞ্চলে মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়ার ভূমিকা মূল্যায়ন করুন।
- (ঘ) অর্থনৈতিক কূটনীতি কী? বাংলাদেশের পররাষ্ট্রনীতিতে অর্থনৈতিক কূটনীতির গুরুত্ব আলোচনা করুন। অর্থনৈতিক কূটনীতি শক্তিশালী করার জন্য বাংলাদেশ কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারে?

- ০৩। রোহিঙ্গা সংকট মোকাবেলায় বাংলাদেশের গৃহীত নীতি ও পদক্ষেপ সারা বিশ্বে প্রশংসিত হচ্ছে এবং দেশের জন্য অনেক সুফল বয়ে আনছে। কিন্তু মিয়ানমার সরকারের আচরণের কোন পরিবর্তন ঘটছে না। রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়ার ব্যাপারে কোন কার্যকর ভূমিকা রাখছে না। এ পরিস্থিতিতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে রোহিঙ্গা বিষয়ে একটি উন্মুক্ত আলোচনায় বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হয়েছে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এই আলোচনায় অংশ নেবেন। এ বিষয়ে বাংলাদেশ সরকারের জন্য একটি নীতিপত্র (policy brief) তৈরী করুন।

১৫